

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ
হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০০৭.১৭.৭৪

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪

০২ নভেম্বর ২০১৭

বিষয়: এমপিওতে ইটনা নুরপুর ডি.ডি. মাদরাসার এমএলএসএস জনাব মোঃ মকবুল হোসেন-এর
জন্ম তারিখ সংশোধন

সূত্র: জনাব মোঃ মকবুল হোসেন-এর ৩১.১০.২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

জনাব মোঃ মকবুল হোসেন, (ইনডেক্স নং ৩৪৪৪৫০), ইটনা নুরপুর ডি.ডি. মাদরাসা-এর এমএলএসএস কর্তক তাঁর জন্ম
তারিখ সংশোধনের জন্য ৩১.১০.২০১৭খ্রি. তারিখে একখানা আবেদন দাখিল করেছেন।

০২. উক্ত আবেদনের সাথে তিনি মহামান্য সুপ্রীম কোর্টের আদেশের অনুলিপি সংযুক্ত করেছেন। আদেশ মতে, আদেশটি গ্রহণের
তারিখ থেকে ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনকারীর ০১.০৮.২০১৭ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য নির্দেশ
দেওয়া হয়েছে।

০৩. উক্ত ০১.০৮.২০১৭খ্রি. আবেদনটি অত্র দপ্তরে নয় বরং জেলা শিক্ষা অফিসে দাখিল করা হয়েছে। অত্র দপ্তরে দাখিলকৃত
আবেদনটি নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ আবশ্যিক:

ক) উক্ত মাদরাসায় বর্ণিত পদে চাকুরীর আবেদনপত্র (মূলকপি)

খ) বর্ণিত পদে চাকুরীর নিয়োগ পত্র (মূলকপি)

গ) এমপিও আবেদনের কপি

ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি

ঙ) প্রথম এমপিও কপি (মূলকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তক সত্যায়িত ছায়ািলপি)

চ) চাকুরীকালীন প্রতি বছরের প্রথম ও শেষ এমপিও কপি ((মূলকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তক সত্যায়িত ছায়ািলপি)

ছ) শেষ এমপিও কপি (মূলকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তক সত্যায়িত ছায়ািলপি)

জ) ক্রমিক ঙ,চ এবং ছ-এ বর্ণিত মতে বেতন বিলের কপি (প্রতিষ্ঠান প্রধান কর্তক সত্যায়িত)।

০৪. এমতাবস্থায়, অনুচ্ছেদ ০৩ মতে প্রমাণকসমূহ আগামী ১০.১১.২০১৭খ্রি, তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করার জন্য
মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২-১১-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা

সহকারী পরিচালক

জনাব মোঃ মকবুল হোসেন, এমএলএসএস

ইটনা নুরপুর ডি.ডি. মাদরাসা, পোঃ ও উপজেলা- ইটনা, কিশোরগঞ্জ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০০৭.১৭.৭৪/১(৪)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৪

০২ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, কিশোরগঞ্জ

৩) সুপার, ইটনা নুরপুর ডি.ডি. মাদরাসা, ইটনা, কিশোরগঞ্জ

৪) সংরক্ষণ নথি, মাশিঅ



২-১১-২০১৭